নবীকে নিয়ে কটুক্তির প্রতিবাদে গাংনীতে মানববন্ধন

মহানবী হযরত মুহাম্মাদ (স:) সম্পর্কে কটুক্তি ও অশালীন মন্তব্য করায় ব্লগার আসাদ নুর ও ব্লগার আবদুল্লাহ আল মাসুদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে বিক্ষোভ ও মানববন্ধন করেছে গাংনীর তৌহিদী জনতা।

আজ বুধবার জোহরের নামাজের পর গাংনী বাজার বাসস্ট্যান্ডে মানববন্ধনের আয়োজন করে আমিরুল ইসলাম ইসলাম ফাউন্ডেশন।

এই মানববন্ধনে বক্তব্য রাখেন, ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় কমিটির উপদেষ্টা মওলানা মোঃ আব্দুল কাদের, গাংনী উপজেলা মডেল মসজিদের ইমাম মওলানা মোঃ ইলিয়াস হোসেন,গাংনী মাদ্রাসা জামে মসজিদের ইমাম মওলানা মোঃ খালেদ সাইফুল্লাহ, গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক শিক্ষক আনিসুজ্জামান বকুল প্রমুখ।

গাংনী বাজার জামে মসজিদের ইমাম ও উপজেলা ইমাম সমিতির সভাপতি মওলামা মোহাম্মদ রুহুল আমিনের সঞ্চালনায় মানববন্ধনের সমাপনী বক্তব্য রাখেন গাংনী বাজার কমিটির সভাপতি ও আমিরুল ইসলাম ফাউন্ডেশনের পরিচালক ইঞ্জিঃ সালাউদ্দিন শাওন।

মানববন্ধনে বক্তারা বলেন,২০১৭ সাল থেকে ব্লগার আসাদ নূর নামের একটি ব্লগ পেজ থেকে মুসলিম ও হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সম্পর্কে কটুক্তি ও মন্তব্য প্রকাশ করে আসছে, যা সারা পৃথিবীর মুসলিম সম্প্রদায়ের উপর চরম আঘাত হেনেছে। গত কয়েকদিন আগেও আসাদ নূরের ব্লগ পেজ থেকে হযরত মুহাম্মদ (সঃ) সম্পর্কে কটুক্তি করে একটি ভিডিও আপলোড করেছে। শুধু আসাদ নূরের পেজে নয় আব্দুল্লাহ আল মাসুদ নামের একটি ব্লগ পেজ থেকে মহান আল্লাহ তায়ালা এবং হযরত মুহাম্মদ (সঃ) সম্পর্কে ধর্মীয় অনুভূতিতে আঘাত হেনে অশালীন অযৌক্তিক ভিডিও বক্তব্য প্রকাশ করেছে।

এ সকল বক্তব্যে হযরত মুহাম্মদ (সঃ) এবং মহান আল্লাহ তায়ালার সম্পর্কে যে কটুক্তি করেছে তা বানোয়াট ভিত্তিহীন। মুসলমানদের খেপিয়ে তোলার জন্যই এই দুই ব্লগে বক্তব্য প্রকাশ করেছ। তারই প্রতিবাদে গাংনীতে মানববন্ধন ও বিক্ষোভের আয়োজন। ওই দুই

ব্লগারকে খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানিয়েছেন মানববন্ধনে অংশগ্রহণকারীরা।

মেহেরপুর জেলা হরিজন সম্প্রদায়ের কমিটি গঠন

বাংলাদেশ হরিজন মানব অধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলার হরিজন সম্প্রদায়ের কমিটি গঠন করা হয়েছে।

সোমবার সন্ধ্যার সময় মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে মেহেরপুর জেলার হরিজন সম্প্রদায়ের কমিটির অনুমোদন দেওয়া হয়।

অনুষ্ঠানের সভাপতি বিপ্লব বাশফোড়ের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ৬ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ হরিজন মানবাধিকার ফাউন্ডেশন চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি শ্রী দয়াল সদ্দার, মেহেরপুর পৌরসভা ২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ও সদর থানা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন, মনোরঞ্জন মজুমদার, আশিক কুমার সিংহ, মিঠু বাশফোড়, পার্থ বাশফোড় সহ মেহেরপুর জেলার হরিজন সম্প্রদায়ের লোকজন উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে সনাতন ধর্মা ছেড়ে ইসলাম ধর্ম গ্রহণ

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার এলাঙ্গী ইউনিয়নে বাগডাংগা গ্রামের শ্রীঐর্শিন দাসের ছেলে শ্রী অসিত দাস (৩২) নামে এক জন ইসলাম ধর্ম

গ্রহন করেছেন। তার বর্তমান নাম মোঃ ওসমান গনি।

রবিবার স্থানীয় মৌলভী সাহেবের কাছে তওবা পাঠ করে আগের হিন্দু সনাতন ধর্ম ত্যাগ করে লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসুলুল্লাহ কালেমা পড়ে ইসলাম ধর্ম গ্রহণ করেন।

কোটচাঁদপুর পৌর এলাকার কলেজ স্টান্ড বক চত্বরের সামনে একটি সেলুনের দোকান আছে। তার হিন্দু ধর্ম থেকে ইসলাম ধর্ম গ্রহণের ইতিহাস ও মনোভাব জানতে চাইলে তিনি বলেন, আমার দোকানের পাশ দিয়ে প্রতিদিন মুসল্লী,রা দল বেঁধে মসজিদে নামাজ পড়তে যেতে দেখে হঠাৎ করে একদিন আমি সিদ্ধান্ত নিলাম কত সুন্দর ধর্ম এই ইসলাম ধর্ম তার প্রতি আকৃষ্ট হয়ে গেলাম। আকৃষ্ট হয়ে বিভিন্ন লোকের কাছ থেকে পরামর্শ নিতে থাকলাম।

পরামর্শ নিয়ে হঠাৎ আজ সিদ্ধান্ত নিয়ে মুসলমান হয়ে গেলাম আলহামদুলিল্লাহ। ইসলাম ধর্ম গ্রহণ করে আজ আমি আনন্দ উপভোগ করছি। আমার দোকানের আশপাশে যেসব দোকানদার আছেন তারা আমার মুসলমান হওয়া শুনে খুব খুশি হয়েছেন। মসজিদে জোহরের নামাজ আদায় করতে দেখে ইমাম, মোয়াজ্জিম সহ মুসল্লিরা খুব খুশি হয়েছেন। তারা আমাকে বলেছেন কোন সহযোগিতা লাগলে বলতে। সকল দোকানদাররা মিলে সাহায্য করবেন বলে আমাকে জানিয়েছেন।

এমনটাই বলেছেন আমার হিন্দু ধর্ম থেকে ইসলাম ধর্ম গ্রহণ করার কারনে যদি সংসার চালাতে কোন সহযোগিতা লাগে সেটাও করবেন পাশের সকল দোকানের মালিকগন। বিজ্ঞ নোটারি পাবলিকের যশোর কার্যালয় থেকে এভিডেভিট করে ইসলাম ধর্মে নাম লেখান। এর ৩ মাস আগে স্ত্রী, এক ছেলে এক কন্যা ইসলাম ধর্ম গ্রহণ করেন বলে জানান মোঃওসমান গনি।

চুয়াডাঙ্গায় উলামা কল্যাণ

পরিষদের উদ্যোগে এক হাজার আল কুরআন বিতরণ

সুইডেনে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মহাগ্রন্থ-আল কুরআন পোড়ানোর প্রতিবাদে ১০০০ (এক হাজার) কুরআন বিতরণ কর্মসূচি পালন করছে সম্মিলিত উলামা কল্যাণ পরিষদ, চুয়াডাঙ্গা। এক হাজার কুরআন বিতরণ অবদি এই কর্মসূচি ধারাবাহিকভাবে চলবে বলে জানিয়েছেন সংগঠনটির দায়িত্বশীলরা।

গতকাল শনিবার (৫ আগস্ট) বাদ আসর জেলার শহীদ হাসান চত্বরে এই কুরআন বিতরণ কর্মসূচি পালন করে সংগঠনটি। এসময় শতশত ধর্মপ্রাণ মুসল্লিদের হাতে পবিত্র কুরআন তুলে দেয় সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের নেতৃবৃন্দগণ।

কুরআন বিতরণ পূর্ব জমায়েতে নেতৃবৃন্দ বলেন, সুইডেনে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় পবিত্র কুরআন পোড়ানোর প্রতিবাদে এর আগেও আমরা বিক্ষোভ কর্মসূচি পালন করেছি। বিক্ষোভ কর্মসূচিতে ঘোষিত ১ হাজার কুরআন বিতরণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গতকাল শনিবার আমরা চুয়াডাঙ্গার শহীদ হাসান চত্বরে জমায়েত হয়েছি। আজ রবিবার থেকে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও মসজিদেও এই কার্যক্রম চলবে ইনশাআল্লাহ।

নেতৃবৃন্দ বলেন, আমরা সুইডেনকে জানিয়ে দিতে চাই, একটা মাত্র কাগজের কুরআন পুড়িয়ে পৃথিবীর বুকে কুরআনের প্রচারণাকে থামিয়ে দেয়া যাবেনা।কারণ মুসলমানরা কুরআন শরীফ কাগজের পাতায় ধারণ করেনা বরং তারা এই পবিত্র কুরআন তাদের হৃদয়ে ধারণ করে। এজন্য কুরআনের পাতা পুড়িয়ে কুরআন থেকে মুসলমানদের বিচ্ছিন্ন করার সুযোগ নেই।

নেতৃবৃন্দ আরও বলেন, ১ হাজার কুরআন বিতরণ কর্মসূচি ধারাবাহিকভাবে মাদরাসা মসজিদসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে চলবে, আজ চুয়াডাঙ্গার শহীদ হাসান চত্বর থেকে তার কার্যক্রম শুরু হলো।

বক্তারা বলেন, মহাগ্রন্থ আল কুরআনসহ আল্লাহ ও তাঁর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নিয়ে যে বা যারাই কটুক্তিকর বক্তব্য দেয়ার দু:সাহস দেখানোর চেষ্টা করবে, আমরা সম্মিলিত উলামা কল্যাণ পরিষদ এর প্রতিবাদে দাত ভাঙ্গা জবাব দিতে মাঠে নামবই, ইনশাআল্লাহ।

বক্তারা আরও বলেন, সুইডেনে কুরআন পোড়ানো হয়নি, বরং বিশ্বের মুসলমানদের হৃদয় পোড়ানো হয়েছে। এই ঘটনায় গোটা বিশ্বের মুসলমানদের হৃদয়ে রক্তক্ষরণ হচ্ছে। আমরা এটা কোনভাবেই মেনে নিতে পারছি না।

আয়োজিত ১০০০ (এক হাজার) কুরআন বিতরণ কর্মসূচিতে বক্তব্য রাখেন, সাংগঠনটির সভাপতি মাওলানা হাসানুজ্জামান, সেক্রেটারী মাওলানা আখতারুজ্জামান, সহ-সভাপতি মুফতী আব্দুর রশিদ রজব, সাংগঠনিক সম্পাদক হাফেজ মাওলানা সারওয়ার হুসাইন, মিডিয়া বিষয়ক সম্পাদক মাওলানা সাইফুল ইসলাম, সহ সাংগঠনিক সম্পাদক মাওলানা মাহফুজুর রহমান মাফী প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন, সম্মিলিত উলামা কল্যাণ পরিষদের কোষাধ্যক্ষ হাফেজ তাজুল ইসলাম, সহ-সেক্রেটারী মাওলানা আমির খসরু, মাওলানা আব্দুল্লাহ, সপ্তর সম্পাদক মাওলানা জুনাইদ আল হাবিব, সহ-দপ্তর সম্পাদক মাওলানা ফয়জুল্লাহ আল মুনির ও মাওলানা জামাল উদ্দিন প্রমুখ।

মেহেরপুরে সম্প্রীতি ও আদর্শ সমাজ গঠনে ইমামদের ভূমিকা শীর্ষক আলোচনা সভা

মেহেরপুর পৌর ইমাম পরিষদের উদ্যোগে সামাজিক সম্প্রীতি ও আদর্শ সমাজ গঠনে ইমামদের ভূমিকা শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২২ শে জুলাই) সকাল দশটায় মেহেরপুর কমিউনিটি সেন্টারে মেহেরপুর পৌর ইমাম পরিষদ এর আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর পুরো ইমাম পরিষদের সভাপতি মাওলানা হাসানুজ্জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

আরো উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল

ইসলাম, পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর জেলা উলামা পরিষদের সভাপতি মাওলানা শরিফুল ইসলাম সহ বিভিন্ন উলামা ও ইমামগণরা।

এ সময় বক্তারা আদর্শ সমাজ গঠনের জন্য বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখে।

দর্শনায় ওলামা পরিষদের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

সুইডেনে রাষ্ট্রীয় পৃষ্টপোষকতায় মহাগ্রন্থ আল-কুরআন পোড়ানোর প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বাদ আছর দর্শনা রেলবাজার বটতলা চত্বরে ওলামা পরিষদ দর্শনা থানার আয়োজনে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ মিছিলটি দর্শনার প্রধান, প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা রেলবাজার বটতলা চত্বরে উপস্থিত হয়ে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। উলামা পরিষদ দর্শনা থানা শাখার সভাপতি মাওলানা আব্দুল খালেক এর সভাপতিত্বে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

এ প্রতিবাদ সভায় উলামা পরিষদ দর্শনা থানা শাখার সহ-সম্পাদক দর্শনা ঈশ্বরচন্দ্রপুর জামে মসজিদের পেশ ঈমাম মোস্তাফিজুর রহমান ও প্রচার সম্পাদক মাও. মুফতি ওমর ফারুকের সঞ্চলনায় বক্তব্য রাখেন, ওলামা পরিষদ দর্শনা শাখার সাধারন সম্পাদক মাও. মুফতি জুনায়েদ আল আজাদ, সাংগঠনিক সম্পাদক মৌওলানা মুফতি ওমর ফারুক, দর্শনা পৌর শাখার সম্পাদক মাও. মুফতি ইউনুচ আলী, দর্শনা হল্ট স্টেশন জামে মসজিদের পেশ ঈমাম হাবিবুর রহমান, বেগমপুর ইউনিয়ন সহ-সভাপতি আব্দুল হাই, প্রমুখ।

মেহেরপুরে সহজ কোরআন শিক্ষা কেন্দ্র পবিত্র কুরআনের সবক উদ্বোধনী অনুষ্ঠান

মেহেরপুর শহরের ডক্টরস ল্যাব এর উদ্যোগে সহজ কোরআন শিক্ষা কেন্দ্র পবিত্র কুরআনের সবক উদ্বোধনী ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকেল ডক্টর ল্যাব সহজ কোরআন শিক্ষা কেন্দ্র পবিত্র কুরআনের সবক উদ্বোধন করা হয় এসময় শিক্ষার্থীদের মাঝে ২০ টি কোরআন শরীফ বিতরন করা হয়েছে।

মাওলানা রফিকুল ইসলাম নূরানীর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, মুফতি হাফিজুর রহমান। বিশেষ অতিথি ছিলেন, মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের সিনিয়ার শিক্ষক মাওলানা মোঃ সিরাজ উদ্দিন।

ডক্টর ল্যাবের ম্যানেজার সাজু শেখের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, পেয়াদাপাড়া জামে মসজিদের ইমাম মুফিত নুরুল ইসলাম, মল্লিকপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা হাসানুজ্জামান, মেহেরপুর ডক্টর ল্যাবের ডাক্তার মোহাম্মদ রবিউল ইসলাম আবির, জনতা ব্যাংকের মেহেরপুর শাখার সাবেক এজিএম মোঃ আব্দুস সামাদ, মেমোরিয়াল ট্রাস্ট পবিত্র কুরআন শিক্ষার আসারের পরিচালক প্রাপ্ত মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন প্রমুখ

সুইডেনে পবিত্র কুরআন শরীফ অবমাননার বিরুদ্ধে দর্শনায়

বিক্ষোভ

সুইডেনে পবিত্র কুরআন শরীফ পোড়ানোর ঘটনায় দর্শনা বাসস্ট্যান্ডে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বাদ জুম্মা দর্শনা বাসস্ট্যান্ডে বক চত্বরে বাংলাদেশ জামাতে ইসলামী কেন্দ্র ঘোষিত চুয়াডাঙ্গা জেলায় দর্শনা সাংগঠনিক থানা শাখার উদ্যোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর শাখার আমির গুলজার হোসেনের সভাপতিত্বে প্রতিবাদ সভায় প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা শাখার সহকারি সেক্রেটারি সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুল কাদের। এসময় তিনি বলেন, মুসলমানদের পবিত্র ঈদুল আযহার দিনে সুইডেনে মসজিদ প্রাঙ্গণে মসুলমানদের একমাত্র আসমানী গ্রন্থ পবিত্র কোরআন শরীফ পড়ানো কে কেন্দ্র করে সারা বিশ্বের মুসলমানদের ধর্মীয় অনুভূতিতে যে আঘাত হেনেছে তা অকল্পনীয়। সমগ্র মুসলিম জাতি আজ খেপেফুঁসে উঠেছে। কারন মুসলমান হিসাবে কোরআন আমাদের সম্মান, আমাদের অহংকার ও আমাদের সংবিধান। যতদিন বেঁচে থাকবো ততদিন এই কোরআন রক্ষা করার জন্য যা যা প্রয়োজন তাই করবো। এ সময় উপস্থিত বক্তারা সুইডেন সরকারের প্রতি ও অভিযুক্ত ব্যক্তির ধিক্কার দিয়ে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানায়। এসময়

আরো উপস্থিত ছিলেন দর্শনা সাংগঠনিক থানা শাখার সেক্রেটারি মাহবুবুর রহমান টুকু দর্শনা পৌর শাখার আমির গুলজার হোসেন, দর্শনা বাসস্ট্যান্ড মসজিদের পেশ ইমাম ওসমান গনি, দক্ষিণ চাঁদপুর জামে মসজিদের পেশ ইমাম হাবিবুর রহমান, হল্ট স্টেশনের ইমাম মুকুল হোসেন, আজিজুল ইসলাম,আব্দুর রহমান,তানজিল আহমেদসহ পৌর এলাকার বিভিন্ন মসজিদের ইমাম মুরসুল্লি বৃন্দ।

সুইডেনে পবিত্র কোরআন অবমাননার বিরুদ্ধে জীবননগরে বিক্ষোভ

সুইডেনে পবিত্র কোরআন অবমাননার বিরুদ্ধে জীবননগরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করা হয়েছে।

আজ শুক্রবার জুম্মার নামাজ শেষে সাধারণ মুসল্লিদের এই বিক্ষোভ মিছিল ও সমাবেশ করা হয়। জীবননগরে বিক্ষোভ মিছিল ও বাসস্ট্যান্ডে সমাবেশ করা হয়।

এতে বক্তব্য দেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মো. আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর মেয়র মো. রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা সাজেদুর রহমান, জামায়াত নেতা মাওলানা ইসরাইল হোসেন, পৌর আমির মাওলানা ফিরোজ হোসেন, জামায়াত নেতা নুর ইসলাম চৌধুরী, জীবননগর বাসস্টান্ড মসজিদের ইমাম ওলিউর রহমান প্রমুখ। সমাবেশে বক্তরা বলেন, সকল অপরাধের বিচার হওয়া উচিত। আমরা চাই সুইডেনে কোরআন অবমাননার বিচার হোক। আমার বাংলাদেশ সরকারের মাধ্যমে সুইডেনের কোরআন অবমাননার ঘটনার প্রতিবাদ জানাচ্ছি। আমাদের দাবি, তারা আল্লাহর কাছে ক্ষমা চাইবে। তারা মুসলমানদের কাছে ক্ষমা চাইবে।

পবিত্র কোরআন অবমাননা করায় দামুড়হুদায় ধর্মপ্রাণ মুসলমানদের বিক্ষোভ

সুইডেনে মহাপবিত্র ধর্মগ্রন্থ আল কোরআন অবমাননা করার প্রতিবাদে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের স্কুল বৈটতলা নামক স্থানে

বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে ধর্মপ্রাণ মুসলমানেরা।

আজ শুক্রবার বাদ জুম্মা উপজেলার হাউলী ইউনিয়নের স্কুল বৈটতলা থেকে বিক্ষোভ মিছিল বের হয়। বিক্ষোভ মিছিলটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পরে একই স্থানে ফিরে এসে প্রতিবাদ সমাবেশ করে ধর্মপ্রাণ হাজারো মুসলিম।

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের সর্বস্তরের মুসলিম তৌহিদী জনতার আয়োজনে “এক হও মুসলিম বিশ্ব এক হও” স্লোগানে উপজেলার হাউলী ইউনিয়নের স্কুল বৈটতলা থেকে এক প্রতিবাদ মিছিল বার করে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন হাজারো ধর্মপ্রাণ মুসলিম জনতা। বিক্ষোভ মিছিলটি শেষে একই স্থানে এসে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তারা বলেন, বিশ্বের শতকোটি মানুষের (ইসলাম ধর্মের) পবিত্রগ্রন্থ আল কোরআন কে অবমাননা করা সুইডেনের ইহুদিদের মানসিক রোগ। সুইডেন সহ বিভিন্ন ইহুদি সম্প্রদায়ের কারণেই আজকে বিশ্বের কোটি কোটি মানুষের বিশ্বাসকে আঘাত করার প্রবনতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফলে পুরো বিশ্বব্যাপী অশান্তি ছড়াচ্ছে ও ধর্মীয় সম্প্রতি নষ্ট করার চেষ্টা চালাচ্ছে নিকৃষ্ট গোষ্ঠীরা। আর আজকে তারই ধারাবাহিকতায় সুইডেনে প্রকাশ্যে পবিত্র আল কোরআন পোড়ানোর ঘটনায় তীব্র প্রতিবাদ ও নিন্দা জানায়। সেই সাথে সকল মুসলিম কে সুইডেনের পণ্য বর্জনের আহ্বান করেন বক্তারা।